

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ডিজিটাল হেল্প ডেক্স উদ্বোধন

আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৭ উপলক্ষ্যে ঢাকার ইক্ষ্যাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনায় প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সেবা প্রদানের জন্য ১৭ ডিসেম্বর সকাল-০৯.৩০ ঘটিকায় ডিজিটাল হেল্প ডেক্স এর উদ্বোধন করা হয়। ডিজিটাল হেল্প ডেক্স এর উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি। উদ্বোধনকালে তিনি বলেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় দেশে ও বিদেশে প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণে প্রতিশ্রুতিবদ্ধ। সে লক্ষ্যে আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৭ কে সামনে রেখে প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের অভিযোগ ও সমস্যা, সমাধান, তথ্য প্রদান, সুযোগ-সুবিধাসহ সার্বিক সহযোগিতা প্রদানে ডিজিটাল হেল্প ডেক্স সেবা চালু করা হলো।

উদ্বোধনকালে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ মন্ত্রণালয় ও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের কল্যাণার্থে ডিজিটাল হেল্প ডেক্স সেবা চালু করা হয়েছে। হেল্প ডেক্সটি সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল- ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত চালু থাকবে। হেল্প ডেক্স এর নম্বরসমূহ হলো-০১৭৮৪-৩৩৩৩৩৩, ০১৭৯৪-৩৩৩৩৩৩ এবং ০২-৯৩৩৪৮৮৮। এসকল হট লাইনে ফোন করে প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যরা সমস্যা ও সাহায্যের কথা জানাবেন যা লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট শাখায়, মন্ত্রণালয়, অন্যান্য দপ্তর/সংস্থা এবং বিদেশে অবস্থিত শ্রম উইংয়ে অবহিত করা হবে। পরবর্তীতে সেবা প্রার্থীকে আপডেট তথ্য প্রদান করা হবে।

